

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫২৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৭. ইক্নামাতের জবাবে কি বলতে হবে?

باب مَا يَقُولُ إِذَا سَمِعَ الإِقَامَةَ

### আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ دَاوُدَ الْعَتَكِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ ثَابِت، حَدَّثَنِي رَجُلُ، مِنْ أَهْلِ الشَّامِ عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ، عَنْ أَبِي أُمَامَةَ، أَوْ عَنْ بَعْضِ، أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّ بِلَالاً أَخَذَ فِي الإِقَامَةِ فَلَمَّا أَنْ قَالَ قَدْ قَامَتِ الصَّلَاةُ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " أَقَامَهَا اللهُ وَأَدَامَهَا " . وَقَالَ فِي سَائِرِ الإِقَامَةِ كَنَحْوِ حَدِيثِ عُمَرَ فِي الأَذَانِ . \_ ضعيف : الإرواء ٢٤١

#### বাংলা

৫২৮। আবূ উমামাহ (রাঃ) সূত্রে অথবা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কোন সাহাবী সূত্রে বর্ণিত। বিলাল (রাঃ) ইকামাত(ইকামত/একামত) দিলেন। তিনি 'কাদ কামাতিস সলাহ' বললে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ''আকামাহাল্লাহু ওয়া আদমাহা।'' আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইকামাত(ইকামত/একামত)ের অবশিষ্ট শব্দগুলোর জওয়াব ঐরূপ দিলেন যেরূপ 'উমার (রাঃ) বর্ণিত পূর্বোক্ত হাদীসে আযান সম্পর্কে বলা হয়েছে।[1]

দুর্বল : ইরওয়া ২৪১।

### **English**

Narrated AbuUmamah, or one of the Companion of the Prophet:

Bilal began the Iqamah, and when he said: "The time for prayer has come," the Prophet (ﷺ) said: "May Allah establish it and cause it to continue."

## ফুটনোট



[1] বায়হাকী 'সুনানুল কুবরা' (১/৪১১), নাসায়ী 'আমলুল ইয়াওমি ওয়াল লায়লাহ, (হাঃ ১০৩)। এর সনদ দুর্বল। এতে শামের জনৈক অজ্ঞাত লোক রয়েছে। এছাড়া সনদে মুহাম্মাদ ইবনু সাবিত সত্যবাদী, তবে হাদীস বর্ণনায় শিথিল এবং শাহর ইবনু হাওশাব সত্যবাদী, কিন্তু তার বহু মুরসাল বর্ণনা ও সংশয় আছে। অনুরূপ রয়েছে 'আত তাক্ররীব' গ্রন্থে।

শায়খ আলবানী (রহঃ) 'ইরওয়াউল গালীল' গ্রন্থে বলেনঃ এ সনদটি খুবই নিকৃষ্ট। সনদে মুহাম্মাদ ইবনু সাবিত দুর্বল। অনুরূপ শাহর ইবনু হাওশাব। তাছাড়া তাদের দু'জনের মাঝে অবস্থিত ব্যক্তিটি অজ্ঞাত। ইমাম বায়হাক্বীও হাদীসটি দুর্বল হওয়ার দিকে ইঙ্গিত দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন